

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।

নৈতিকতা কমিটি ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : রনি কুমার সরকার
নির্বাহী অফিসার ও অফিস প্রধান, আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।
সভার স্থান : আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।
তারিখ : ১১/০৭/২০২৩ খ্রি:
সময় : বেলা ০২.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বর্তমানে অত্র দপ্তরের সেবা প্রদানে স্বচ্ছতা, জবাবদিহিতা ও উন্নত নাগরিক সেবা প্রদানের সফলতার প্রশংসা করেন এবং সফলতার ধারা অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি নৈতিকতা কমিটির বিষয়বস্তু উপস্থাপন করেন।

আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

১। লক্ষ্যমাত্র নির্ধারণ ও বাস্তবায়ন সংক্রান্ত:


ক্র:নং	আলোচ্য সূচী	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১	বাজেট বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থবছরের বাজেট বাস্তবায়নের জন্য বাজেট শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।	২০২৩-২৪ অর্থবছরের বাজেট যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে।
১.২	শাখা পরিদর্শন	২০২৩-২৪ অর্থ বছরের নিয়মিত শাখা পরিদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।	নিয়মিত শাখা পরিদর্শন করা হয়ে থাকে এবং এই কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
১.৩	হেল্প ডেস্ক	হেল্প ডেস্কের সেবার মান উন্নিত করণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।	হেল্প ডেস্কে সেবা গ্রহীতাদের সেবার মান নিশ্চিত করতে হবে।

উক্ত কর্মশালায় সভাপতি/অত্র দপ্তরের নির্বাহী কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিস্তারিক আলোচনা করেন। এ ছাড়াও সুশাসনের টুলস সমূহ অর্থাৎ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গভর্ন্যান্স উদ্ভাবন পরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার আইন বিষয়ে নিয়ে খোলা মেলা আলোচনা করেন। আলোচনা শেষে দপ্তরের কর্মচারীদেরও এর ব্যাপারের মতামত প্রকাশ করেন। সকলেই তাদের নিজ নিজ মতামত প্রকাশ করেন। এ ধরনের কর্মলাশার আয়োজন করা হলে তারা অনেক জানতে পারেন বলে অভিমত প্রকাশ করেন। পরিশেষে অত্র দপ্তরের নির্বাহী অফিসার ও অফিস প্রধান সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার অনুসারে দ্রুত সেবা প্রদানের জন্য সকলকে নির্দেশ প্রদান করেন।

২। সভা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহীত হয়:

ক্র:নং	আলোচ্য সূচী
২.১	Online Licensing Module (OLM) এ আবেদনের প্রক্রিয়া ও তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে।
২.২	নোটিশ বোর্ড ও তথ্য বাতায়ন নিয়মিত হালনাগদ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
২.৩	সিটিজেন চার্টার অনুসারে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাও সমাপ্তি ঘোষণা করেন।


১১.০৭.২০২৩

(রনি কুমার সরকার)
নির্বাহী কর্মকর্তা ও অফিস প্রধান
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।

স্মারক নং: ২৬.০৩.২১০০.০০১.০১.০০২.০১.২৩.১০

তারিখ: ১১/০৭/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদাসঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

২) সভাপতি, চেম্বার অব কমার্স, সিরাজগঞ্জ জেলা।

৩) জনাব.....।


১১.০৭.২০২৩

(রনি কুমার সরকার)
নির্বাহী কর্মকর্তা ও অফিস প্রধান
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।